দৈনিক খবর ১০

তারিখ ... 15 JUL 1990 ...
পৃষ্ঠা ... ... কলাম ...

# সরকারী কলেজ শিক্ষকরা অক্টোবরে ধর্মঘটে যাচ্ছেন

।। স্টাফ রিপোর্টার ।।

বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক সমিতি আগামী ১লা অক্টোবর থেকে সর্বাত্মক ধর্মঘট পালন করবেন।

গতকাল শনিবার দুপুরে একটি রেস্তোরাঁয় আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে সমিতির নেতৃবৃন্দ এই

শেষ পৃষ্ঠায় ৬ষ্ঠ কলামে

# সরকারী কলেজ

প্রথম পৃষ্ঠার পর

কর্মসূচী ঘোষণা করে বলেছেন, নির্দিষ্ট সময়ের মধ্যে দাবী মেনে না নেয়ায় আমরা আন্দোলনে নামতে বাধ্য হয়েছি। ধর্মঘটের কর্মসূচী শুরু হওয়ার আগে সমিতি ৩০শে সেপ্টেম্বর পর্যন্ত কালোব্যাজ ধারণ, ৯ই সেপ্টেম্বর থেকে ১৫ই সেপ্টেম্বর পর্যন্ত প্রতিদিন ১ ঘন্টার কর্মবিরতি পালন ও নিজ নিজ ইউনিটে সভা, ১৬ই সেপ্টেম্বর থেকে ২২শে সেপ্টেম্বর পর্যন্ত প্রতিদিন ২ ঘন্টার কর্মবিরতি পালন ও সভা, ২৩শে সেপ্টেম্বর থেকে ২৯শে সেপ্টেম্বর পর্যন্ত প্রতিদিন ৩ ঘন্টার কর্মবিরতি পালন ও সভা এবং ৩০শে সেপ্টেম্বর মৌন মিছিলসহ ঢাকায় শিক্ষক সমাবেশ করবে।

সমিতির সেক্রেটারী জেনারেল একেএম আলী রেজা তাঁর লিখিত বক্তব্যে বলেন, সরকারী ক্যাডারভুক্ত হলেও সরকারী কলেজের শিক্ষকরা অন্যান্য ক্যাডারের কাছে বিশেষভাবে প্রশাসন ও সচিবালয় ক্যাডারের কাছে ঈর্ষার পাত্র। কর্তৃপক্ষীয় ঈর্ষা, অবহেলা, অমনোযোগিতা ও সিদ্ধান্ত গ্রহণে দীর্ঘসূত্রিতার কারণে শিক্ষকদের সাথে সরকারী কলেজগুলো ধ্বংস হচ্ছে।

তিনি বলেন, দীর্ঘ ৮ বছর ধরে সরকারী কলেজগুলোতে শতকরা ৫০ ভাগ শিক্ষকের পদ শূন্য পড়ে আছে। প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক থাকার পরেও কার্যকর উদ্যোগের অভাবে পদোন্নতি দেয়া হচ্ছে না। শিক্ষার্থীরা পড়েছে বিপাকে।

তিনি আরও বলেন, ৩ বছরের বেশী সময়কাল লেকচারার না রাখার বিধান থাকার পরেও সরকারী কলেজগুলোতে তা মানা হচ্ছে না। ১৫/১৬ বছর পেরিয়ে যাওয়ার পরেও সরকারী কলেজের শিক্ষকরা পদোন্নতি পাচ্ছেন না। তিনি বলেন, দাবী পূরণের জন্যে রাষ্ট্রপতির আশ্বাসও বাস্তবায়িত হয়নি।

এ সাংবাদিক সম্মেলনে সমিতির নেতৃবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন অধ্যক্ষা জাহান আরা বেগম, অধ্যক্ষ মোয়াজ্জেম হোসেন খান, এ কে এম আলী রেজা, আলী আকবর খান, মফিজুর রহমান, এ বি এম আবুল কাসেম, শামসুর রহমান, এনায়েত হোসেন মিয়া ও আমজাদ হোসেন মিয়া।